

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.১১.২০২২. ৫৬৫

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৩ খ্রি.

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ


যেহেতু, আপনি জনাব জাকির হোসেন (১৬১৬২), সহকারী অধ্যাপক (ইংরেজি), যশোর সরকারি সিটি কলেজ, যশোর এর বিরুদ্ধে সরকারি-বেসরকারি ব্যাংক থেকে ব্যক্তিগতভাবে লোন গ্রহণ ও ক্রেডিট কার্ডের মাধ্যমে টাকা উত্তোলন করে সময়মত তার কিস্তি পরিশোধ না করা, বিভিন্ন লোকের কাছ থেকে চাকুরি দেয়া ও এমপিওভুক্তির কথা বলে টাকা গ্রহণ করে কলেজের ভাবমূর্ত্তি ক্ষুন্ন করার অভিযোগ প্রাথমিকভাবে তদন্তে প্রমাণিত হওয়ার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত মামলায় আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, আপনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং উক্ত জবাব সন্তোষজনক না হওয়ায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক মতামত প্রদান করা হয়;

যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনের প্রদত্ত মতামতের আলোকে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত অভিযোগে দোষী সাব্যস্ত করে আপনাকে গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, আপনি জনাব জাকির হোসেন (১৬১৬২), সহকারী অধ্যাপক (ইংরেজি), যশোর সরকারি সিটি কলেজ, যশোর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনার বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় একই বিধিমালার ৭(৯) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত বা বিধিতে বর্ণিত অন্য কোনো গুরুদণ্ড প্রদান করা হবে না তার জবাব এ নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশ দেওয়া হলো।


(সোলেমান খান)
সচিব

সংযুক্ত: তদন্ত প্রতিবেদনের অনুলিপি ০৬(ছয়) ফর্দ।

বর্তমান কর্মস্থল:

জনাব জাকির হোসেন (১৬১৬২)

সহকারী অধ্যাপক (ইংরেজি), যশোর সরকারি সিটি কলেজ, যশোর।

স্থায়ী ঠিকানা:

জনাব জাকির হোসেন

পিতা: মো: নূর-ইসলাম


গ্রাম: হিজলদী, ডাকঘর: হিজলদী

থানা: কলারোয়া, জেলা: সাতক্ষীরা।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মো: শাহিনুর ইসলাম)
উপসচিব